দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL. 1 8 1999
পৃঃ 8 কলাম ৬

72

# শিক্ষক নির্বাচনে অনিয়ম

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকাস্থ উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের কলেজ শাখার জন্য প্রভাষক পদে নিয়োগের লক্ষ্যে গত ৫/৪/৯৯ তারিখে কয়েকটি জাতীয় দৈনিকে বিজ্ঞাপন দেওয়া হয়। প্রভাষক পদের জন্য শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী এবং অন্যান্য পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী-বিভাগ চাওয়া হয়। কিন্তু বাংলা বিষয়ের একজন প্রার্থীর আবেদন করার যোগ্যতা না থাকিলেও নির্বাচনী পরীক্ষায় তাহাকে নিয়ম ভঙ্গ করিয়া অংশ নেওয়ার সুযোগ দেওয়া হয়, যদিও নিয়োগের নীতিমালা অনুযায়ী তাহার আবেদনপত্রই গ্রহণ করার কথা নয়। বিভিন্ন বিষয়ে শিক্ষক নিয়োগের জন্য আলাদা আলাদা বিশেষজ্ঞ নিয়োগ করা হইলেও উক্ত প্রার্থীর নিয়োগ নিশ্চিত করার জন্য বাংলা বিষয়ে বাইরের কোন বিশেষজ্ঞ রাখা হয় নাই। এক্ষেত্রেও নিয়ম ভঙ্গ করিয়া পরিচালনা কমিটির একজন সদস্যকে বিশেষজ্ঞ করা হইয়াছে। আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি তদন্ত করিয়া এই গুরুতর অনিয়ম দূর করার আবেদন জানাইতেছি।

আবু সালেহ্ চৌধুরী,
৩০০, এলিফ্যান্ট রোড,
ঢাকা ১২০৫।